বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
পার্সোনেল শাখা
www.bgfcl.gov.bd

নম্বর: ২৮.১০.১২১৩.০০০.০৩৩.২৮.০০০১.২৬.৩৮৮

তারিখ: ১১ কার্তিক ১৪৩৩ / ২৭ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: বাসা বরাদ্দ।

'কোম্পানীর কর্মকর্তা ও কর্মচারী বাসস্থান বরাদ্দবিধি-২০১৩' অনুযায়ী প্রধান কার্যালয় কমপ্লেক্সের আবাসিক এলাকায় অবস্থিত ১২৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট ১(এক)টি ফ্ল্যাট সহকারী ব্যবস্থাপক পর্যায়ের কর্মকর্তাদের এবং ১০৯০ বর্গফুট আয়তন বিশিষ্ট ১(এক)টি ফ্ল্যাট সহকারী কর্মকর্তা পর্যায়ের কর্মকর্তাদের পারিবারিক বসবাসের জন্য বরাদ্দ দেওয়া হবে।

এছাড়া, তিতাস-বি লোকেশনের আবাসিক এলাকায় অবস্থিত ১৫০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ২(দুই)টি ফ্ল্যাট উপমহাব্যবস্থাপক পর্যায়ের কর্মকর্তাদের পারিবারিক বসবাসের জন্য বরাদ্দ দেওয়া হবে। প্রাধিকারভুক্ত উপমহাব্যবস্থাপক পর্যায়ের কর্মকর্তা পাওয়া না গেলে জ্যেষ্ঠতার ভিত্তিতে ব্যবস্থাপক পর্যায়ের কর্মকর্তাকে বরাদ্দ/পরিবর্তিত বরাদ্দ প্রদান করা হবে।

আগ্রহী ব্রাহ্মণবাড়িয়াভিত্তিক কর্মকর্তাগণকে আবাসিক এলাকা ও ফ্ল্যাটের আয়তন উল্লেখপূর্বক কোম্পানির নির্ধারিত ফরমে (বাসস্থান বরাদ্দ প্রাপ্তির আবেদন ফরম) সর্বশেষ ০২.১১.২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ
(১) বাসস্থান বরাদ্দ প্রাপ্তির আবেদন ফরম

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

২৭-১০-২০২৬
মোঃ সাইফুল ইসলাম
উপমহাব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপি:
১। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
২। ব্রাহ্মণবাড়িয়া ভিত্তিক সকল উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প সমন্বয়ক, বিজিএফসিএল-অধীনস্থ সকল কর্মকর্তাকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।
৩। ব্রাহ্মণবাড়িয়া ভিত্তিক সকল ব্যবস্থাপক, বিজিএফসিএল-অধীনস্থ সকল কর্মকর্তাকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।